চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Chittagong University of Engineering & Technology (CUET)

Website: http://www.cuet.ac.bd

Or

http://180.211.172.99/admission

ভর্তি পরীক্ষা

শিক্ষাবর্ষ: ২০১৪-১৫

Admission Test

Session: 2014-15

ভর্তি নির্দেশিকা

(Admission Prospectus)

২০১৪-১৫ শিক্ষাবর্ষের লেভেল-১ স্নাতক কোর্সে ভর্তি বিষয়ক তথ্যাবলী

১। উপক্রমনিকাঃ

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল, তড়িৎ ও কম্পিউটার কৌশল, যন্ত্রকৌশল অনুষদের বিভাগ সমূহে ৪ বছর মেয়াদী এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ৪ বছর মেয়াদী এবং স্থাপত্য বিভাগে ৫ বছর মেয়াদী লেভেল-১ স্নাতক কোর্সে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ০৮ নভেম্বর, ২০১৪ খ্রিঃ তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রার্থীর প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধাস্থান অনুসারেই প্রার্থীর আসন প্রাপ্তি নির্ধারণ করা হবে।

২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতাঃ

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে মাধ্যমিক পরীক্ষায় ৫-এর স্কেলে কমপক্ষে গড় গ্রেড পয়েন্ট ৪.০০ পেতে হবে। অথবা সমমানের পরীক্ষায় সমতুল্য নম্বর বা গ্রেড পেয়ে পাশ হতে হবে।

গ) **প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র ২০১৪ সালের উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজি বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে** "A-" গ্রেড (জিপি ৩.৫) পেয়ে পাশ করতে হবে এবং গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজীতে মোট গ্রেড পয়েন্ট ১৭.৫০ পেতে হবে।

অথবা বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০১৪ সালের সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতূল্য গ্রেড/নম্বর পেয়ে পাশ করতে হবে। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মোট ১২ শিক্ষাবর্ষের অধ্যয়নকাল থাকলে দরখাস্ত করতে পারবে। উক্ত ক্ষেত্রে গ্রেড-এর সমতুল্য Numerical value এর মান সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নকৃত সনদপত্র জমা দিতে হবে।

ঘ) প্রার্থী GCE "O" লেভেল এবং "A" লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত নিয়ম প্রযোজ্য হবেঃ

GCE "O" লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে গড়ে "B" গ্রেড পেয়ে পাশ হতে হবে এবং GCE "A" লেভেল পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ের প্রত্যেকটিতে কমপক্ষে "B" গ্রেড পেয়ে পাশ হতে হবে। শুধুমাত্র ২০১৪ সালে "A" লেভেলে পাশকৃত ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে।

ঙ) রাখাইন ও উপজাতীয়দের সংরক্ষিত আসনে আবেদনের জন্য ১৩ অনুচ্ছেদ দ্রষ্টব্য।

৩। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচীঃ

(ক) বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের বিভিন্ন বিভাগের জন্য নিম্নলিখিত দু'টি গ্রুপের একই দিনে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

গ্রুপ “ক”: ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ।

গ্রুপ “খ”: ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ।

ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও পাঠ্যসূচী নিম্নরূপঃ

বিভাগ	বিষয়	পাঠ্যসূচী
গ্রুপ **“ক”** ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	গণিত	২০১৪ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী
	পদার্থ বিজ্ঞান	
	রসায়ন	
	ইংরেজী	Comprehension and Functional English
গ্রুপ **“খ”** ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	গণিত	২০১৪ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার পাঠ্যসূচী
	পদার্থ বিজ্ঞান	
	রসায়ন	
	ইংরেজী	Comprehension and Functional English
	মুক্তহস্ত অংকন (Free-hand Drawing)	

(খ) “ক” গ্রুপের জন্য মোট ৭০০ নম্বরের ভর্তি পরীক্ষা এবং “খ” গ্রুপের জন্য মোট ১১০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক গ্রুপের পরীক্ষার বিষয় এবং বিষয়সমূহের পূর্ণমান নীচের ছকে দেয়া হলো।

গ্রুপ “ক”	গ্রুপ “খ”	MCQ পরীক্ষার নম্বর
গণিত	গণিত	২০০
পদার্থ বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান	২০০
রসায়ন	রসায়ন	২০০
ইংরেজী	ইংরেজী	১০০
–	মুক্তহস্ত অংকন	৪০০
মোট নম্বর = ৭০০	মোট নম্বর = ১১০০	

৪। ভর্তির সর্বনিম্ন যোগ্যতাঃ

শুধুমাত্র ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ভর্তিযোগ্য প্রার্থীর মেধা তালিকা তৈরী করা হবে। প্রার্থীদের মেধাস্থান অনুসারে ভর্তিযোগ্য প্রার্থীদের তিনটি ইঞ্জিনিয়ারিং অনুষদের বিভিন্ন বিভাগ এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য অভিন্ন একটি তালিকা এবং স্থাপত্য বিভাগের জন্য পৃথক একটি তালিকা প্রকাশ করা

CUET CHITTAGONG UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY

হবে। একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই মোট নম্বর পেলে সে ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজীতে প্রাপ্ত নম্বরের এবং স্থাপত্য বিভাগের জন্য ভর্তি পরীক্ষায় ক্রমানুসারে মুক্তহস্ত অংকন, গণিত, পদার্থ বিজ্ঞান, ইংরেজী ও রসায়নে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীদের মেধাস্থান নির্ধারণ করা হবে। উল্লেখ্য যে, 'ক' গ্রুপের প্রার্থীদের MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বর মোট নম্বরের ৩০% হলে ভর্তির ন্যূনতম যোগ্যতা অর্জন করেছে বলে বিবেচিত হবে এবং স্থাপত্য বিভাগে ভর্তির যোগ্যতা অর্জনের জন্য প্রার্থীকে MCQ পরীক্ষায় ন্যূনতম ৩০% এবং মুক্তহস্ত অংকনে আলাদাভাবে ন্যূনতম ৩০% নম্বর পেতে হবে। উপজাতীয়দের ক্ষেত্রে ভর্তিযোগ্য প্রার্থীদের আলাদা একটি তালিকা প্রকাশ করা হবে।

৫। SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া (দেশের শিক্ষাবোর্ড থেকে পাশকৃতদের জন্য)ঃ

ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে 16222 নম্বরে SMS করতে হবে।

ক) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে Message অপসনে গিয়ে CUET লিখে, স্পেস দিয়ে HSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে HSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে HSC পাশের সাল, স্পেস দিয়ে SSC শিক্ষাবোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে SSC পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে SSC পাশের সাল লিখে, স্পেস দিয়ে কাঙ্খিত গ্রুপ এর কী ওয়ার্ডটি (KA/KHA) লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ CUET DHA 123456 2014 CHI 102030 2012 KA । উদাহরণটি চট্টগ্রাম বোর্ড হতে SSC পাশ করা, ঢাকা বোর্ড হতে HSC পাশ করা এবং CUET এর KA গ্রুপের জন্য। এখানে 123456 এর জায়গায় আবেদনকারীর নিজের HSC পরীক্ষার রোল নম্বর, 2014 এর জায়গায় HSC পাশের সাল, 102030 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর এবং 2012 এর জায়গায় SSC পাশের সাল লিখতে হবে। বিভিন্ন বোর্ডের জন্য কী ওয়ার্ডসমূহ হল ঃ সিলেট (SYL), বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), ঢাকা (DHA), দিনাজপুর (DIN), যশোর (JES), রাজশাহী (RAJ), মাদরাসা (MAD) এবং কারিগরী (VOC) ।

খ) উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে CUET লিখে, স্পেস দিয়ে, YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত যে কোন অপারেটর এর একটি মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণঃ CUET YES 87654321 01xxxxxxxxx। এখানে 87654321 এর জায়গায় আবেদনকারীর **নিজ PIN টি** এবং 01xxxxxxxxx এর জায়গায় আবেদনকারীর মোবাইল নম্বর লিখতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল

আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না।

গ) আবেদনকারীর মোবাইলে পর্যাপ্ত পরিমান টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি **KA গ্রুপের জন্য ৭০০/- টাকা এবং KHA গ্রুপের জন্য ৮০০/- টাকা কেটে নিয়ে একটি ফিরতি SMS এর মাধ্যমে সাথে সাথেই একটি ফরম নম্বর জানিয়ে দেয়া হবে যা আবেদনকারীকে সংরক্ষণ করতে হবে।** সকল আবেদনকারীর মধ্য থেকে HSC তে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে প্রাপ্ত মোট জিপিএ এর ভিত্তিতে প্রথম 6000 (ছয় হাজার) জনকে ভর্তি পরীক্ষার জন্য নির্বাচিত ঘোষণা করা হবে এবং তাদের সংরক্ষিত ফরম নম্বরের বিপরীতে একটি রোলনম্বর জানিয়ে দেয়া হবে (ওয়েব সাইট ও SMS এর মাধ্যমে)। তবে, 6000 তম স্থানে একাধিক প্রার্থী থাকলে ক্রমানুসারে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে HSC তে প্রাপ্ত GPA এর ভিত্তিতে ভর্তি পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। সেক্ষেত্রে HSC তে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে একই GPA প্রাপ্ত 6000 তম স্থানের সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। ভর্তি পরীক্ষার সময় সদ্য তোলা দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবির পিছনে ঐ রোলনম্বরটি লিখে নিয়ে আসতে হবে। ছবি ছাড়া কাউকেই ভর্তি পরীক্ষায় অংশ নিতে দেয়া হবে না।

ঘ) উপজাতীয় কোটায় আবেদনকারীগণ উপরোক্ত SMS এর শেষে একটি অতিরিক্ত কী ওয়ার্ড (TRI) সংযুক্ত করবে।

উদাহরণঃ CUET DHA 123456 2014 CHI 102030 2012 KA TRI ।

এই উদাহরণ উপরে ৫(ক) এ বর্ণিত উদাহরণে শুধুমাত্র উপজাতীয় কোটার জন্য TRI সংযুক্ত।

দ্রষ্টব্য ঃ

(I) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে। তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারীর নিজের ব্যবহৃত (যে কোন অপারেটরের) একটি মোবাইল নম্বর দিতে হবে।

(II) নির্দিষ্ট তারিখের সময়-সূচীর মধ্যে এবং ছুটির সময় দিনে ও রাতের যে কোন সময় SMS এ আবেদন করা যাবে।

(III) একবার SMS করে আবেদন করে ফেললে তা প্রত্যাহার করা যাবে না এবং কোন টাকা ফেরৎ দেয়া যাবে না।

(IV) **ভর্তি পরীক্ষার দিন দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙ্গিন ছবি ছাড়া কাউকে পরীক্ষা দিতে দেয়া হবে না।**

(V) **পরীক্ষার জন্য কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।**

VI) **SMS পদ্ধতির রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় কোন রূপ সমস্যার সম্মুখীন হলে টেলিটকের কাস্টমার কেয়ার (121)-এ যোগাযোগ করা যেতে পারে।**

(VII) **ভর্তি সংক্রান্ত অন্যকোন রূপ সমস্যা হলে নিম্নের যেকোন নম্বরে অফিস সময়ে যোগাযোগ করা যেতে পারে।**

১. মোবাইল নম্বর 01555555011 **২. মোবাইল নম্বর 01555555012**

৬। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে পাশ করা এবং GCE “O”/“A” লেভেল পাশ করা ছাত্র-ছাত্রীরা SMS এর মাধ্যমে আবেদন করতে পারবে না। তারা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট

(http://www.cuet.ac.bd অথবা http://180.211.172.99/admission) থেকে আবেদন ফরম ডাউনলোড করে নির্ধারিত ফি সভাপতি, ভর্তি কমিটি, সোনালী ব্যাংক লিমিটেড, সিইউইটি শাখা, চট্টগ্রাম এর অনুকুলে ডিমান্ড ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযুক্ত করে রেজিস্ট্রার, চুয়েট, রাউজান, চট্টগ্রাম-৪৩৪৯ ঠিকানায় জমা দিতে হবে।

৭। সকল পরীক্ষার্থী চুয়েট ওয়েবসাইট **(http://www.cuet.ac.bd** অথবা **http://180.211.172.99/admission)** হতে ভর্তি নির্দেশিকা ২০১৪-১৫ ডাউনলোড করে নিতে পারবে। ভর্তি নির্দেশিকায় উল্লিখিত নিয়মাবলী ছাত্র-ছাত্রীদেরকে অনুসরণ করতে হবে। ভর্তি বিজ্ঞপ্তি/ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই, ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে রেজিস্ট্রার অফিসের সাথে যোগাযোগ করতে হবে। ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপ-ধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৮। ভর্তির আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়ার নিয়মাবলী (বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে ও ‘A’ লেভেল পাশকৃতদের জন্য)ঃ

(ক) সংশ্লিষ্ট গ্রুপের জন্য আবেদনপত্র ওয়েবসাইট থেকে ডাউন লোড করে (৯০ গ্রাম সাদা কাগজে) পূরণ করে জমা দিতে হবে এবং একই সঙ্গে সভাপতি, ভর্তি কমিটি, সোনালী ব্যাংক, সিইউইটি শাখার অনুকুলে নির্ধারিত টাকার ড্রাফ্ট জমা দিতে হবে।

গ্রুপ	বিভাগ	ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফিস
“ক”	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	৭০০/- (সাতশত টাকা মাত্র)
“খ”	ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ	৮০০/- (আটশত টাকা মাত্র)

(খ) পূরণকৃত আবেদনপত্রটি নিম্নলিখিত দলিলপত্রাদিসহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখার কাউন্টারে জমা দিয়ে প্রাপ্তি স্বীকার রশিদ গ্রহণ করতে হবে।

(I) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডসীটের সত্যায়িত কপি।

(II) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল গ্রেডসীটের সত্যায়িত কপি।

(III) প্রার্থীর তিন কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গীন ছবি।

(IV) রাখাইন ও উপজাতীয়দের সংরক্ষিত আসনে ভর্তির জন্য রাখাইন ও উপজাতীয়তার সনদের সত্যায়িত কপি।

৯। ভর্তি পরীক্ষার যোগ্য প্রার্থী নির্ধারণঃ

ক) নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত SMS পদ্ধতিতে রেজিষ্ট্রিকৃত বৈধ সকল প্রার্থী এবং ‘A’লেভেল ও বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাশকৃতদের আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী এই চার বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। এই মেধা তালিকা হতে প্রথম 6000 (ছয় হাজার) যোগ্য প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে, 6000 তম স্থানে একাধিক প্রার্থী থাকলে ক্রমানুসারে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে HSC তে প্রাপ্ত GPA এর ভিত্তিতে ভর্তি পরীক্ষার জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। সেক্ষেত্রে HSC তে গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন এবং ইংরেজিতে একই GPA প্রাপ্ত 6000 তম স্থানের সকল প্রার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

খ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের পূর্ণ তালিকা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ডে ও বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (**http://www.cuet.ac.bd** অথবা **http://180.211.172.99/admission**) দেয়া হবে। প্রার্থী নিজ দায়িত্বে তা জেনে নেবে। তাছাড়া টেলিটক এর ওয়েবসাইটে এ তালিকা পাওয়া যাবে।

১০। ভর্তি পরীক্ষা গ্রহণের নিয়মাবলীঃ

ক) ২০১৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও ইংরেজি [ক্রমিক নং-৩(ক) এ বর্ণিত] পাঠ্যসূচীর উপর ভিত্তি করে নিম্নোক্ত সময়সূচী মোতাবেক একটি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

"ক" গ্রুপ এবং "খ" গ্রুপ	গণিত,পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী	সকাল ১০:০০ ঘটিকা থেকে ০১:৩০ ঘটিকা।
"খ" গ্রুপ	মুক্তহস্ত অংকন	বিকাল ৩:০০ মিনিট থেকে ৫:০০ মিনিট পর্যন্ত।

খ) পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত এবং ইংরেজি বিষয়ের MCQ পদ্ধতির উত্তরপত্র OMR দ্বারা মূল্যায়ণ করা হবে।

গ) (I) ভর্তি পরীক্ষার সময় কেবলমাত্র বলপেন, পেন্সিল, ইরেজার (eraser) আনা যাবে। তবে কোন প্রকার Programmable ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। শুধু মাত্র CASIO fx-991MS/fx-100MS Model বা এর সমমানের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

(II) মোবাইল ফোন, জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট স্কয়ার, কম্পাস ও কোন প্রকার ব্যাগ নিয়ে পরীক্ষা কক্ষে প্রবেশ করা যাবে না।

(III) পরীক্ষার দিন MCQ পদ্ধতিতে OMR Form-এ উত্তর লেখার জন্য প্রার্থীকে **2B** পেন্সিল, বলপেন, পেন্সিল শার্পনার এবং ইরেজার সাথে আনতে হবে।

(IV) MCQ পদ্ধতির প্রশ্নে প্রতি ভুল উত্তরের জন্য একই বিষয়ে অন্য একটি MCQ সঠিক উত্তরের এক চতুর্থাংশ নম্বর কর্তন করা হবে।

১১। আবেদন গ্রহণ, ভর্তি পরীক্ষা, ভর্তি ইত্যাদির তারিখ ও সময়সূচীঃ

ক) ভর্তির আবেদনের জন্য এসএমএস করা শুরু	০২ সেপ্টেম্বর, ২০১৪ খ্রিঃ
খ) ভর্তির আবেদনের জন্য এসএমএস করার শেষ তারিখ ও সময়।	০৯ অক্টোবর, ২০১৪ খ্রিঃ রাত ১২:০০টা
গ) "A" লেভেল ও বিদেশী শিক্ষা প্রতিষ্ঠানের প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ করার সময়।	০২ সেপ্টেম্বর, ২০১৪ হতে ০৯ অক্টোবর, ২০১৪খ্রিঃ, প্রতি কার্যদিবসে সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা পর্যন্ত।
ঘ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোল নম্বরসহ নামের তালিকা প্রকাশ।	২৯ অক্টোবর, ২০১৪ খ্রিঃ
ঙ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়।	০৮ নভেম্বর, ২০১৪ খ্রিঃ শনিবার, সকাল ১০:০০ টা এবং মুক্তহস্ত অংকন বিকাল ৩:০০টা।
চ) মেধানুযায়ী ভর্তির জন্য নির্বাচিত এবং অপেক্ষমান প্রার্থীদের নামের তালিকা প্রকাশ।	১৭ নভেম্বর, ২০১৪ খ্রিঃ

ছ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন, ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েবসাইটঃ **http://www.cuet.ac.bd** অথবা **http://180.211.172.99/admission** মারফত জানানো হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না।

বিঃ দ্রঃ

উপরোক্ত যে কোন বিষয়ে ভর্তিচ্ছু প্রার্থীকে এবং ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদেরকে আলাদাভাবে কোন চিঠি ইস্যু করা হবে না। ভর্তি ও আসন সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েব সাইট www.cuet.ac.bd অথবা **http://180.211.172.99/admission এ পাওয়া যাবে।**

১২। আসন সংখ্যা ও মনোনয়নের নিয়মাবলীঃ

ক) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রস্তুতকৃত সাধারণ প্রার্থীদের মেধা তালিকা থেকে প্রথম ৬৩০ জন এবং উপজাতীয়দের মধ্য হতে মেধা অনুযায়ী ১১ জনসহ মোট ৬৪১ জন প্রার্থীকে নিরীক্ষা কমিটি কর্তৃক সনদপত্রাদি নিরীক্ষা ও বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তা দ্বারা স্বাস্থ্য পরীক্ষাক্রমে ভর্তির জন্য নির্বাচিত করা হবে।

খ) বিশ্ববিদ্যালয়ের ৪টি অনুষদের ৮টি বিভাগে এবং সংরক্ষিত আসন বণ্টন* নিম্নরূপঃ

<table>
<tr><th>অনুষদের নাম</th><th>বিভাগের নাম</th><th>আসন সংখ্যা</th><th>রাখাইন ও উপজাতীয়দের জন্য সংরক্ষিত আসন</th><th>সর্বমোট আসন</th></tr>
<tr><td>পুরকৌশল</td><td>পুরকৌশল বিভাগ</td><td>১৩০</td><td rowspan="8">১১</td><td rowspan="8">৬৪১</td></tr>
<tr><td rowspan="2">যন্ত্রকৌশল</td><td>যন্ত্রকৌশল বিভাগ</td><td>১৩০</td></tr>
<tr><td>পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিঃ বিভাগ</td><td>৩০</td></tr>
<tr><td rowspan="3">তড়িৎ ও কম্পিউটার কৌশল অনুষদ</td><td>কম্পিউটার বিজ্ঞান ও কৌশল বিভাগ</td><td>১২০</td></tr>
<tr><td>তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ</td><td>১৩০</td></tr>
<tr><td>ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ</td><td>৩০</td></tr>
<tr><td rowspan="2">স্থাপত্য ও পরিকল্পনা অনুষদ</td><td>নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ</td><td>৩০</td></tr>
<tr><td>স্থাপত্য বিভাগ</td><td>৩০</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৬৩০</td><td>১১</td><td>৬৪১</td></tr>
</table>

* বিদেশী ছাত্র/ছাত্রী উক্ত আসন বণ্টনের আওতাভুক্ত নয়।

গ) ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রস্তুতকৃত মেধা তালিকার স্থান এবং পরবর্তীতে প্রার্থী প্রদত্ত পছন্দক্রমের ভিত্তিতে ভর্তির বিভাগ নির্ধারিত হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদের অনুচ্ছেদ ৪ এ বর্ণিত ন্যূনতম যোগ্যতা থাকতে হবে।

ঘ) উপজাতীয়দের সংরক্ষিত আসনের জন্য যোগ্যপ্রার্থীদের একটি পৃথক মেধাতালিকা প্রনয়ন করা হবে। তবে প্রতি বিভাগে মেধাস্থান ও পছন্দ ক্রমানুসারে সর্বাধিক ২ (দুই) জনকে ভর্তি করা হবে।

ঙ) Limited number of foreign students can get admission through the Ministry of Foreign Affairs, Government of the People's Republic of Bangladesh. Detailed information, related to this catagory is available in the website **www.cuet.ac.bd** or **http://180.211.172.99/admission**.

১৩। সংরক্ষিত আসনে ভর্তির নিয়মাবলীঃ

বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত আসন চট্টগ্রাম বিভাগের পার্বত্য জেলাসমূহের ও দেশের অন্যান্য জেলার উপজাতীয় এবং রাখাইন সম্প্রদায় এর জন্য সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনে প্রার্থীদের ভর্তির জন্য অনুচ্ছেদ-৪ এ বর্ণিত ন্যূনতম যোগ্যতা থাকতে হবে।

জেলা ভিত্তিক উপজাতীয়/অন্যান্য সংরক্ষিত আসন সংখ্যা		
পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার উপজাতীয় সম্প্রদায়	রাখাইন সম্প্রদায়	সংরক্ষিত মোট আসন
১০	১	১১

ইহা ছাড়া অন্য কোন ধরণের সংরক্ষিত আসন ভর্তির জন্য নির্ধারিত নেই।

১৪। ভর্তির নিয়মাবলী ঃ

ক) **ভর্তির সময় জমা দিতে হবে ঃ**

(I) সরবরাহকৃত পূরণ করা ফরম। প্রার্থীকে নিজে ফরম পূরণ করতে হবে এবং একবার পছন্দক্রম দিলে তা পরিবর্তন করা যাবে না।

(II) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল / সাময়িক সনদপত্রের মূলকপি।

(III) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডসীটের মূল কপি।

(IV) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডসীটের মূল কপি।

(V) উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাশের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূল কপি।

(VI) উপজাতীয়দের জন্য উপজাতীয় সনদ পত্রের মূল কপি।

রাখাইন ও উপজাতীয় প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমান স্বরূপ

(১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, (২) স্থানীয় পৌরসভা/ জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং (৩) উপজাতীয় মোড়লের নিকট থেকে মোট ৩টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে।

VII) সদ্য তোলা সত্যায়িত ২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

খ) প্রার্থীদের নিরীক্ষা কমিটি দ্বারা সনদপত্রের সত্যতা যাচাই এবং বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

গ) স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমাণিত হলে রেজিষ্ট্রারের অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ফিস জমা দিয়ে মূল গ্রেডসীট এবং মুল/সাময়িক সনদপত্রসমূহ

অবশ্যই দুই বছরের জন্য জমা দিতে হবে। কেবলমাত্র ভর্তি বাতিলক্রমে দুই বছর উত্তীর্ণ হওয়ার পূর্বে উক্ত সনদপত্রাদি ফেরতযোগ্য।

ঘ) নির্বাচিত প্রার্থীদের ভর্তি ও ক্লাশ শুরু সংক্রান্ত তথ্যাবলী ও বিজ্ঞপ্তি জানানোর জন্য আলাদাভাবে কোন প্রকার চিঠি পাঠানো হবে না। প্রার্থী নিজ দায়িত্বে বিশ্ববিদ্যালয় নোটিশ বোর্ড হতে ভর্তি ও পরবর্তীতে ক্লাশ শুরু সম্বন্ধে সকল তথ্য জেনে নেবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **http://www.cuet.ac.bd** **অথবা** **http://180.211.172.99/admission** থেকেও এতদ্‌সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

১৫। ভর্তি /ভর্তির যোগ্যতা বাতিলঃ

ক) কোন ভুল তথ্য ছাত্রত্ব থাকাকালীন যে কোন সময় ধরা পড়লে এবং প্রমানিত হলে ভর্তি বাতিল হবে।

খ) নির্ধারিত দিনে সাক্ষাতকারের জন্য উপস্থিত না হলে ভর্তির যোগ্যতা থাকবে না।

গ) নির্ধারিত ফি' প্রদান করে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিজে উপস্থিত থেকে ভর্তি বাতিলের আবেদন করতে পারবে। অভিভাবক বা অন্যকারো মাধ্যমে ভর্তি বাতিলের সুযোগ নেই।

ঘ) ভর্তির পর বিভাগ পরিবর্তনের সুযোগ নেই। তবে কোন বিভাগে আসন খালি হলে প্রার্থীর দেয়া পছন্দক্রম ও মেধা অনুসারে তা স্বয়ংক্রিয়ভাবে পূরণ করা হবে, সেক্ষেত্রে পছন্দ পরিবর্তনের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৬। স্বাস্থ্য পরীক্ষাঃ

বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত চিকিৎসা বোর্ড, ভর্তি কমিটি কর্তৃক ভর্তির জন্য বিবেচিত সকল প্রার্থীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। স্বাস্থ্য পরীক্ষায় যদি হৃদরোগ, দৃষ্টি কিংবা শ্রবণ শক্তির ত্রুটি অথবা কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতিয়মান হয় তাহলে তাকে ভর্তির অনুপযুক্ত বলে গণ্য করা হবে। তবে দৃষ্টি শক্তির ত্রুটি ৭ দিনের মধ্যে পুনঃ পরীক্ষা করা যেতে পারে। অন্যান্য সাময়িক অনুপযুক্ততা যথা- হাইড্রোসিল, হারনিয়া ইত্যাদি এক মাসের মধ্যে পুনঃ পরীক্ষার জন্য বিবেচিত হতে পারে।

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তির দিনে প্রতিষ্ঠিত ডায়াগনষ্টিক সেন্টার থেকে **HIV, VDRL, HbsAg, Blood Group, Chest X-ray** ইত্যাদির মেডিক্যাল টেস্ট করে রিপোর্ট নিয়ে আসতে হবে। প্রয়োজনবোধে চুয়েট মেডিক্যাল সেন্টারে অথবা ভর্তির নিমিত্তে গঠিত চিকিৎসা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী চাহিত ডায়াগনষ্টিক সেন্টার হতে প্রয়োজনীয় মেডিক্যাল টেস্ট রিপোর্ট দাখিল করতে হবে। টেস্টগুলোর রিপোর্ট অবশ্যই মেডিক্যাল টেস্টের দিন মেডিক্যাল সেন্টারে জমা দিতে হবে। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে। উপরে বর্ণিত টেস্টগুলোর অতিরিক্ত কোন Test এর দরকার হলে তা পরে করিয়ে ক্লাস শুরুর আগে জমা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে স্বাস্থ্য পরীক্ষার নির্ধারিত ফরম ডাউনলোড করে তা পূরণপূর্বক রিপোর্টসহ ভর্তির দিন জমা দিতে হবে।

১৭। আবাসিক হলের আসনঃ

বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের ৪টি এবং ছাত্রীদের ১টি আবাসিক হল আছে। **লেভেল-১ এ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জন্য হলে আসন প্রাপ্তির সুযোগ অতি সীমিত**। সেক্ষেত্রে যে সকল ছাত্র/ছাত্রী হলে আসন বরাদ্দ পাবে না তাদের নিজ দায়িত্বে থাকার ব্যবস্থা করতে হবে।

বিঃ দ্রঃ বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ভর্তির ব্যাপারে প্রভাবিত করার প্রচেষ্টা প্রার্থীকে অযোগ্য প্রতিপন্ন করবে। ভর্তি কমিটি কোন প্রার্থীকে স্নাতক পড়ার অনুপযুক্ত মনে করলে তার ভর্তি বাতিল করতে পারবে। ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির (শিক্ষাবর্ষ: ২০১৪-১৫) সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। লেভেল-১ এ ভর্তি হওয়া কোন ছাত্র/ছাত্রী ক্লাশ শুরু হবার পর একাদিক্রমে ০৬ (ছয়) সপ্তাহ অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল হয়ে যাবে এবং প্রথম ০২ (দুই) সপ্তাহ ক্লাশে অনুপস্থিত থাকলে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের লেভেল-১ এ অধ্যয়নের সুযোগ থাকবে না। আবেদনকারীকে পরবর্তীতে যোগাযোগের জন্য এবং ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য SMS এ সরবরাহকৃত রোল নম্বর, ফরম নম্বর বা আবেদনপত্রের প্রাপ্তি স্বীকার রশিদ সংরক্ষণপূর্বক নিজের আবেদনপত্র নম্বর অবশ্যই মনে রাখতে হবে।

চুয়েট ক্যাম্পাস শহর এলাকার বাইরে অবস্থিত বিধায় GEP বা কুরিয়ার সার্ভিস এলাকার বাইরে আছে। ডাক বিভ্রাট বা অন্য যে কোন কারণে নির্ধারিত সময়ের পরে আবেদন পত্র (A লেভেল এবং বিদেশী ছাত্রদের) পৌঁছালে তা বাতিলযোগ্য।

সভাপতি

ভর্তি কমিটি, শিক্ষাবর্ষ: ২০১৪-১৫
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪৩৪৯।

CUET
CHITTAGONG UNIVERSITY OF ENGINEERING & TECHNOLOGY